

ফোর্স লোন
কি এবং কেন ?
আদায় পদ্ধতি ?

ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের অধীনে ১০০% রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত কাঁচামাল দিয়ে তৈরী পোশাক ঋণপত্রের শর্তানুযায়ী যথাসময়ে রপ্তানি করতে ব্যর্থ হলে আলোচ্য Export Failure এর জন্য সংশ্লিষ্ট সিডিউল ব্যাংক ঐ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফোর্স লোন সৃষ্টি করে থাকে।

ফোর্স লোন সৃষ্টি করে সংশ্লিষ্ট ব্যাংক তা জাতীয় রাজস্ব বোর্ড অথবা সংশ্লিষ্ট কমিশনারেটকে অবহিত করে থাকে। অবহিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট কমিশনার আলোচ্য ঋণপত্রের আমদানিকৃত মালামালের উপর প্রযোজ্য শুল্ক করাদি আদায়ের লক্ষ্যে দাবীনামা জারীর উদ্দেশ্যে কারণ দর্শাও নোটিশ (SCN) জারী করেন।

জবাব সন্তোষজনক না হলে দাবীনামা জারীর ব্যবস্থা নেন।

বন্ডিং মেয়াদ উত্তীর্ণ না হয়ে থাকলে জারীরকৃত দাবীনামা প্রকৃত অর্থে সাময়িক ধরনে (Nature) হবে এবং পরবর্তীতে উক্ত তৈরী পোশাক বন্ডিং মেয়াদের মধ্যে রপ্তানি করা হলে সে ক্ষেত্রে দাবীনামা প্রত্যাহারযোগ্য। অন্যথায় বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হবার সাথে সাথে দাবীকৃত টাকা (ফোর্স লোন) বিদ্যমান আইনানুযায়ী আদায়ের ব্যবস্থা নেয়া হয়ে থাকে (সূত্রঃ শুল্ক প্রজ্ঞাপন সমূহের সংকলন, ভলিউম-২, পৃষ্ঠা নং- ২০-২১)।